APR. 22 2002

দৈনিক ইনকিলাব

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা [illegible] কলাম [illegible]

দেয়।

ঢা.বিতে ছাত্রদলের সমাবেশ

# আ'লীগ আমলের দুর্নীতির শ্বেতপত্র চাই

**বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ** আওয়ামী লীগ সরকারের আমলে ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন নিয়োগ বৈষম্য, আর্থিক দুর্নীতি, দলীয়করণ, ছাত্রলীগের সন্ত্রাসসহ বিভিন্ন অনিয়মের শ্বেতপ্রত প্রকাশ ও তার বিচারের জন্য কর্তৃপক্ষের কাছে দাবি জানিয়েছে ছাত্রদল।

রোববার ক্যাম্পাসে মিছিল-সমাবেশ-শেষে ছাত্রদলের নেতৃবৃন্দ উপাচার্যের কাছে গত পাঁচ বছরের বিভিন্ন অভিযোগসংবলিত স্মারকলিপি দিয়ে তার শ্বেতপত্র প্রকাশ এবং এগুলোর তদন্ত, সন্ত্রাসীদের [illegible] ও বিচারের দাবি জানান।

দুপুর ১২টায় মিছিলটি মধুর কেন্টিন থেকে বের হয়ে ক্যাম্পাস প্রদক্ষিণ করে অপরাজেয় বাংলার পাদদেশে সমাবেশ করে। ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মনির হোসেনের সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন মোস্তাফিজুল ইসলাম মামুন, হায়দার আলী লেনিন, নুরুল ইসলাম নয়ন, ওমর ফারুক শাফিন, আসাদুজ্জামান আসাদ, চৌধুরী কামরুল হাসান প্রমুখ।